# সাধারণ জ্ঞান

## (দ্বিতীয় ভাগ)











হাদীছ ফাউণ্ডেশন বাংলাদেশ

Contents

# সাধারণ জ্ঞান

## (দ্বিতীয় ভাগ)

গবেষণা বিভাগ

হাদীছ ফাউণ্ডেশন বাংলাদেশ

www.ahlehadeethbd.org

**প্রকাশক**

**হাদীছ ফাউণ্ডেশন বাংলাদেশ**
নওদাপাড়া, রাজশাহী-৬২০৩
হাফাবা প্রকাশনা-৯৪
ফোন ও ফ্যাক্স : ০২৪৭-৮৬০৮৬১
মোবাইল-০১৮৩৫-৪২৩৪১০, ০১৭৭০৮০০৯০০।

**المعارف العامة** (الجزء الثاني)

**تأليف : قسم البحوث**

الناشر : حديث فاؤنديشن بنغلاديش

(مؤسسة الحديث للطباعة والنشر)

**প্রকাশকাল**
রজব ১৪৪০ হিঃ
চৈত্র ১৪২৫ বাং
এপ্রিল ২০১৯ খ্রিঃ

॥ **সর্বস্বত্ব প্রকাশকের** ॥

**কম্পোজ**
হাদীছ ফাউণ্ডেশন কম্পিউটার্স

**মুদ্রণ**
হাদীছ ফাউণ্ডেশন প্রেস
নওদাপাড়া (আম চত্বর)
সপুরা, রাজশাহী।

**নির্ধারিত মূল্য**
৩০ (ত্রিশ) টাকা মাত্র।

---

**General Knowledge (Second Part)** by **Department of Research**. Published by : **HADEETH FOUNDATION BANGLADESH**. Nawdapara, Rajshahi, Bangladesh. Ph & Fax : 88-0247-860861. Mob: 01835-423410, 01770800900 E-mail : tahreek@ymail.com. Web : www. ahlehadeethbd.org.

# সূচীপত্র (المحتويات)


| | | |
|---|---|---|
| **প্রকাশকের কথা** | | ৪ |
| **প্রথম অধ্যায় :** | **ইসলাম** | ৫ |
| | তাওহীদ ও শিরক | ৫ |
| | আক্বীদা | ৭ |
| | ছালাত | ১১ |
| | ছিয়াম | ১২ |
| | যাকাত | ১৪ |
| | হজ্জ | ১৫ |
| | আল-কুরআন | ১৬ |
| | ইসলামের ইতিহাস | ১৭ |
| **দ্বিতীয় অধ্যায় :** | **বাংলাদেশ** | ২১ |
| | আমাদের বাংলাদেশ | ২১ |
| | বাংলাদেশের বিভাগ ও যেলা সমূহ | ২২ |
| | বাংলাদেশের প্রথম, বৃহত্তম, দীর্ঘতম, উচ্চতম ও শ্রেষ্ঠ | ২৩ |
| **তৃতীয় অধ্যায় :** | **উদ্ভিদ ও প্রাণীজগৎ** | ২৫ |
| | গাছের পরিচয় | ২৫ |
| | মাছের পরিচয় | ২৬ |
| | পাখির পরিচয় | ২৭ |
| | প্রাণীর পরিচয় | ২৮ |
| **চতুর্থ অধ্যায় :** | **পৃথিবীর পরিচয়** | ২৯ |
| | দেশ-মহাদেশ, রাজধানী, মুদ্রা ও ভাষা | ২৯ |
| **পঞ্চম অধ্যায় :** | **সৌরজগৎ** | ৩১ |
| | সৌরজগতের কথা | ৩২ |

বিসমিল্লাহির রহমানির রহীম

# প্রকাশকের কথা

সন্তান-সন্ততি মানুষের দুনিয়াবী জীবনের অন্যতম শ্রেষ্ঠ সম্পদ। এই সম্পদকে সঠিকভাবে সংরক্ষণ করা এবং তাকে নৈতিক ও মানবিক মূল্যবোধসম্পন্ন করে গড়ে তোলা একজন অভিভাবকের অবশ্য কর্তব্য। সেই সাথে সমাজ ও রাষ্ট্রের কর্ণধারদেরও দায়িত্ব ভবিষ্যৎ প্রজন্মকে সঠিকভাবে বেড়ে ওঠার পরিবেশ নিশ্চিত করা। আমরা মুসলিম। এই পৃথিবীতে আমাদের আগমনের উদ্দেশ্য একমাত্র আল্লাহ্র ইবাদত করা। আর ইবাদতের জন্য প্রয়োজন সঠিক জ্ঞান ও নৈতিক শিক্ষা। শুধু তাই নয়, প্রাত্যহিক জীবনে চলার পথেও প্রয়োজন নানামাত্রিক জ্ঞান। সেই লক্ষ্যকে সামনে রেখে ছোট্ট সোনামণিদেরকে মৌলিক জ্ঞানের বিষয়সমূহ শিক্ষা দেওয়ার নিমিত্তে **'হাদীছ ফাউণ্ডেশন বাংলাদেশ'**-এর গবেষণা বিভাগ থেকে পুস্তিকাটি সংকলন করা হয়েছে। এতে প্রচলিত সাধারণ জ্ঞানের বিষয়াদির সাথে ইসলামী আক্বীদা ও আমল সংক্রান্ত মৌলিক গুরুত্বপূর্ণ প্রশ্নসমূহের সন্নিবেশ ঘটানো হয়েছে, যা শিক্ষার্থীদের বিশুদ্ধ ধর্মীয় জ্ঞানকে সমৃদ্ধ করবে ইনশাআল্লাহ। এটি বিভিন্ন মাদ্রাসা ও ইসলামী স্কুলের দ্বিতীয় শ্রেণীর পাঠ্য উপযোগী করে প্রণীত।

আশা করি পুস্তিকাটি ছোট্ট সোনামণিদের প্রাথমিক জ্ঞানার্জনের পথে গুরুত্বপূর্ণ সহযোগীর ভূমিকা পালন করবে। পুস্তিকাটি রচনা ও পরিমার্জনায় যারা সহযোগিতা করেছেন তাদের সকলের প্রতি রইল কৃতজ্ঞতা। আল্লাহ আমাদের এই ক্ষুদ্র প্রচেষ্টা কবুল করুন এবং একে আমাদের নাজাতের অসীলা হিসাবে কবূল করুন-আমীন!

*-সচিব*

*হাদীছ ফাউণ্ডেশন বাংলাদেশ*

# প্রথম অধ্যায় : ইসলাম

## পাঠ–১ : তাওহীদ ও শিরক

১. প্রশ্ন : তাওহীদ অর্থ কি?

**উত্তর :** একত্ববাদ।

২. প্রশ্ন : তাওহীদ কত প্রকার ও কি কি?

**উত্তর :** ৩ প্রকার। যথা : ১. তাওহীদে রবূবিয়াত ২. তাওহীদে ইবাদত ৩. তাওহীদে আসমা ওয়া ছিফাত।

৩. প্রশ্ন : শিরকের আভিধানিক অর্থ কি?

**উত্তর :** শরীক করা, অংশীদার স্থাপন করা।

৪. প্রশ্ন : শিরক প্রধানত কত প্রকার ও কি কি?


**উত্তর :** দুই প্রকার। যথা : ১. 'শিরকে আকবার' বা বড় শিরক। ২. 'শিরকে আছগার' বা ছোট শিরক।

৫. প্রশ্ন : মূর্তিপূজা, কবরপূজা কি?

**উত্তর :** শিরক।

৬. প্রশ্ন : কারো সম্মানে দাঁড়িয়ে নীরবতা পালন করা কি?

**উত্তর :** শিরক।



৭. প্রশ্ন : তাবীয ঝুলানো কি?

**উত্তর :** শিরক।

৮. প্রশ্ন : আল্লাহ ব্যতীত কেউ গায়েব বা অদৃশ্যের খবর জানে কি?

**উত্তর :** না।

৯. প্রশ্ন : আল্লাহ ব্যতীত অন্য কারো নামে পশু যবেহ করা কি?

**উত্তর :** শিরক।

১০. প্রশ্ন : 'বড় শিরক'-এর ক্ষতি কি?

**উত্তর :** 'বড় শিরক' করলে চিরস্থায়ীভাবে জাহান্নামী হ'তে হয় *(মায়েদাহ ৭২)।*

১১. প্রশ্ন : জাদু চর্চার হুকুম কি?

**উত্তর :** জাদু চর্চা করা কুফরী *(বাক্বারাহ ১০২)*।

১২. প্রশ্ন : আল্লাহ ব্যতীত অন্য কারো নিকট সাহায্য চাওয়া যাবে কি?

**উত্তর :** না।

১৩. প্রশ্ন : আল্লাহ ব্যতীত কেউ কি গায়েব জানেন?

**উত্তর :** না, আল্লাহ ব্যতীত কেউ গায়েব জানেন না *(আন'আম ৫৯)*।

১৪. প্রশ্ন : মুশরিক অর্থ কি?

**উত্তর :** আল্লাহ্র সাথে শরীককারী বা অংশীদারস্থাপনকারী।

১৫. প্রশ্ন : মৃত ব্যক্তি কোন কথা শুনতে পায় কি? অথবা কোন উপকার বা ক্ষতি করতে পারে কি?

**উত্তর :** না *(নামল ৮০)*।



# পাঠ-২ : আক্বীদা

১. প্রশ্ন : আল্লাহ কোথায়?

**উত্তর :** আল্লাহ সাত আসমানের উপর আরশে সমুন্নীত *(ত্বোয়াহা ৫)*।

২. প্রশ্ন : আক্বীদা শব্দের অর্থ কি?

**উত্তর :** দৃঢ় বিশ্বাস, যার ভিত্তিতে মানুষের জীবন পরিচালিত হয়।

৩. প্রশ্ন : রাসূল (ছাঃ) কি গায়েব জানতেন?

**উত্তর :** না।

৪. প্রশ্ন : অন্য মানুষের সাথে রাসূল (ছাঃ)-এর মৌলিক পার্থক্য কি?

**উত্তর :** রাসূলুল্লাহ (ছাঃ)-এর নিকট 'অহী' আসত (অন্য মানুষের নিকট আসে না) *(কাহফ ১৮/১১০)*।

৫. প্রশ্ন : আল্লাহ কি নিরাকার?

**উত্তর :** না, আল্লাহ নিরাকার নন। তাঁর নিজস্ব আকার আছে। কিন্তু তা কারো সাথে তুলনীয় নয় *(শূরা ১১)*।

৬. প্রশ্ন : আল্লাহ কি সর্বত্র বিরাজমান?

**উত্তর :** না, তিনি সর্বত্র বিরাজমান নন। কিন্তু তাঁর জ্ঞান ও ক্ষমতা সর্বত্র বিরাজমান *(ত্বোয়াহা ৪৬)*।

৭. প্রশ্ন : ইসলাম গ্রহণের পূর্বশর্ত কি?

**উত্তর :** ইসলাম গ্রহণের পূর্বশর্ত হ'ল জেনে-বুঝে কালেমায়ে শাহাদত পাঠ করা।

৮. প্রশ্ন : কালেমায়ে ত্বাইয়েবাহ কি?

**উত্তর :** 'লা ইলা-হা ইল্লাল্লাহ' **অর্থ :** নেই কোন উপাস্য আল্লাহ ব্যতীত।

৯. প্রশ্ন : ঈমানের রুকন বা স্তম্ভ কয়টি?

**উত্তর :** ঈমানের রুকন বা স্তম্ভ ছয়টি।

১০. প্রশ্ন : ঈমানের রুকন বা স্তম্ভ সমূহ কি কি?

**উত্তর :** (১) আল্লাহ্‌র উপরে (২) তাঁর ফেরেশতাগণের উপরে (৩) তাঁর প্রেরিত কিতাব সমূহ (৪) রাসূলগণ (৫) ক্বিয়ামত দিবস এবং (৬) তাক্বদীরের ভাল-মন্দের প্রতি বিশ্বাস পোষণ করা।

১১. প্রশ্ন : মানবজাতির জন্য একমাত্র জীবন বিধান কোনটি?

**উত্তর :** ইসলাম *(আলে ইমরান ৩/১৯)*।

১২. প্রশ্ন : সমস্ত কর্মের ফল কিসের উপর নির্ভরশীল?

**উত্তর :** নিয়তের উপর *(বুখারী হা/১; মিশকাত হা/১)*।

১৩. প্রশ্ন : ঈমান কি বাড়ে ও কমে?

**উত্তর :** হ্যাঁ, ঈমান বাড়ে ও কমে।

১৪. প্রশ্ন : কোন কাজে ঈমান বাড়ে ও কমে?

**উত্তর :** সৎ কাজে ঈমান বাড়ে ও অসৎ কাজে ঈমান কমে *(আনফাল ৮/২-৪)*।

১৫. প্রশ্ন : ঈমানের সর্বোত্তম শাখা কি?

**উত্তর :** ‘লা ইলা-হা ইল্লাল্লাহ’ বলা।

১৬. প্রশ্ন : ঈমানের সর্বনিম্ন শাখা কি?

**উত্তর :** রাস্তা হ’তে কষ্টদায়ক বস্তু দূর করা *(বুখারী হা/৯; মিশকাত হা/৫)*।

১৭. প্রশ্ন : ফেরেশতাগণের সর্দার কে?

**উত্তর :** জিব্রীল (আঃ)।

১৮. প্রশ্ন : কোন ফেরেশতা নবীদের নিকটে অহী বহনের দায়িত্ব পালন করেন?

**উত্তর :** জিব্রীল (আঃ) *(নাহল ১৬/১০২)*।

১৯. প্রশ্ন : মুহাম্মাদ (ছাঃ)-এর পরে আর কোন নবী আসবেন কি?

**উত্তর :** না, তিনি সর্বশেষ নবী।

২০. প্রশ্ন : 'নিয়ত' শব্দের অর্থ কি?

**উত্তর :** সংকল্প।

২১. প্রশ্ন : কোন কিতাব পূর্ববর্তী সকল আসমানী কিতাবের সত্যায়নকারী?

**উত্তর :** কুরআন মাজীদ।

২২. প্রশ্ন : 'তাক্বদীর' শব্দের অর্থ কি?

**উত্তর :** ভাগ্য।

২৩. প্রশ্ন : তাক্বদীর কখন লিপিবদ্ধ হয়েছে?

**উত্তর :** আসমান ও যমীন সৃষ্টির পঞ্চাশ হাযার বছর পূর্বে *(মুত্তাফাক্ব আলাইহ, মিশকাত হা/৮২)*।

২৪. প্রশ্ন : তাক্বদীরের খবর কার কাছে সংরক্ষিত?

**উত্তর :** আল্লাহ্‌র কাছে।

২৫. প্রশ্ন : ক্বিয়ামতের দিন সূর্য মানুষের কত নিকটে থাকবে?

**উত্তর :** মাথার এক মাইল উপরে থাকবে *(মুসলিম হা/৭৩৮৫; মিশকাত হা/৫৫৪০)*।

২৬. প্রশ্ন : ক্বিয়ামতের দিন সর্বপ্রথম কাকে কাপড় পরানো হবে?

**উত্তর :** ইবরাহীম (আঃ)-কে।

২৭. প্রশ্ন : ক্বিয়ামতের মাঠে কোন ছায়া থাকবে কি?

**উত্তর :** হ্যাঁ। আল্লাহ্‌র আরশের ছায়া থাকবে *(বুখারী হা/৬৬০; মুসলিম হা/১০৩১; মিশকাত হা/৭০১)*।

২৮. প্রশ্ন : ক্বিয়ামতের দিন আল্লাহ্র আরশের ছায়ায় স্থান পাবে কয় শ্রেণীর লোক?

**উত্তর :** সাত শ্রেণীর লোক।

২৯. প্রশ্ন : রাসূলুল্লাহ (ছাঃ) মি‘রাজের রজনীতে আল্লাহকে দেখেছেন কি?

**উত্তর :** না, তিনি আল্লাহকে দেখেননি *(আন‘আম ৬/১০৩; মুসলিম, মিশকাত হা/৬৫৫৯)*।

৩০. প্রশ্ন : মুনাফিক্বের আলামত বা নিদর্শন কয়টি?

**উত্তর :** তিনটি। (১) মিথ্যা কথা বলা (২) আমানতের খেয়ানত করা ও (৩) ওয়াদা ভঙ্গ করা।


৩১. প্রশ্ন : পবিত্র কুরআনের কোন সূরা তিন বার পাঠ করলে একবার সম্পূর্ণ কুরআন পাঠের নেকী পাওয়া যায়?

**উত্তর :** সূরা ইখলাছ *(মুসলিম, মিশকাত হা/২১২৭)*।

৩২. প্রশ্ন : পবিত্র কুরআনের কোন সূরা চার বার পাঠ করলে একবার সম্পূর্ণ কুরআন পাঠের নেকী পাওয়া যায়?

**উত্তর :** সূরা কাফেরূন *(তিরমিযী হা/২৮৯৪; মিশকাত হা/২১৫৬)*।





## পাঠ-৩ : ছালাত

১. প্রশ্ন : ছালাত কখন ফরয হয়?

**উত্তর :** মি‘রাজের রাত্রিতে।

২. প্রশ্ন : মুনাফিকরা ছালাতে কিভাবে দাঁড়ায়?

**উত্তর :** অলসভাবে দাঁড়ায় লোক দেখানোর জন্য।

৩. প্রশ্ন : ছালাত পরিত্যাগ করা কি?

**উত্তর :** কুফরী।

৪. প্রশ্ন : পাঁচ ওয়াক্ত ‘ফরয ছালাতে’ প্রতিদিন সূরা ফাতিহা কতবার পাঠ করতে হয়?

**উত্তর :** ১৭ রাক‘আতে ১৭ বার।

৫. প্রশ্ন : পাঁচ ওয়াক্ত ছালাতে কত রাকা‘আত সুন্নাত ছালাত পড়তে হয়?

**উত্তর :** ১২ রাক‘আত।

৬. প্রশ্ন : ফজরের সুন্নাত ছালাত কত রাকা‘আত?

**উত্তর :** ২ রাক‘আত।

৭. প্রশ্ন : যোহরের সুন্নাত ছালাত কত রাকা‘আত?

**উত্তর :** ৬ রাক‘আত।

৮. প্রশ্ন : মাগরিবের সুন্নাত ছালাত কত রাকা‘আত?

**উত্তর :** ২ রাক‘আত।

৯. প্রশ্ন : এশার সুন্নাত ছালাত কত রাকা‘আত?

**উত্তর :** ২ রাক‘আত।

১০. প্রশ্ন : এশার বিতর ছালাত সর্বনিম্ন কত রাকা‘আত?

**উত্তর :** ১ রাক‘আত।

# পাঠ-৪ : ছিয়াম

১. প্রশ্ন : ‘ছিয়াম’ শব্দের অর্থ কি?

**উত্তর :** বিরত থাকা।

২. প্রশ্ন : ছিয়াম কখন ফরয হয়?

**উত্তর :** ২য় হিজরীর শা‘বান মাসে ছিয়াম ফরয হয়।

৩. প্রশ্ন : রামাযান মাস হিজরী সনের কত তম মাস?

**উত্তর :** ৯ম মাস।

৪. প্রশ্ন : ছিয়াম পালনকারী কোন দরজা দিয়ে জান্নাতে প্রবেশ করবে?

**উত্তর :** রাইয়ান।

৫. প্রশ্ন : ছিয়ামের পুরস্কার কে দিবেন?

**উত্তর :** আল্লাহ।

৬. প্রশ্ন : ছিয়াম ব্যতীত অন্যান্য সকল নেক আমলের ছওয়াব কতগুণ বৃদ্ধি পায়?

**উত্তর :** ১০ থেকে ৭০০ গুণ পর্যন্ত *(বুখারী, মুসলিম, মিশকাত/১৯৫৯)*।

৭. প্রশ্ন : সাহারী খাওয়ার মধ্যে কি আছে?

**উত্তর :** বরকত।

৮. প্রশ্ন : ভুলক্রমে কোন কিছু খেলে বা পান করলে ছিয়াম ভঙ্গ হবে কি?

**উত্তর :** হবে না *(বুখারী, মিশকাত হা/২০০৩)*।

৯. প্রশ্ন : দেরী করে ইফতার করা যাবে কি?

**উত্তর :** না।

১০. প্রশ্ন : দেরী করে ইফতার করা কাদের কাজ?

**উত্তর :** ইহূদী-নাছারাদের কাজ।

১১. প্রশ্ন : ইফতারের শুরুতে কি বলতে হয়?

**উত্তর :** বিসমিল্লাহ।

১২. প্রশ্ন : ইফতারের শেষের দো‘আ কি?

**উত্তর :** ‘যাহাবায যামাউ ওয়াবতাল্লাতিল উরূক্বু ওয়া ছাবাতাল আজরু ইনশাআল্লাহ’।

১৩. প্রশ্ন : সাহারীর জন্য মানুষকে কিসের মাধ্যমে ঘুম থেকে জাগাতে হয়?


**উত্তর :** সাহারীর আযানের মাধ্যমে *(বুখারী, মিশকাত হা/৬৮০-৮১)*।

১৪. প্রশ্ন : কোন ব্যক্তি একদিন নফল ছিয়াম পালন করলে আল্লাহ তার থেকে জাহান্নামকে কতদূর সরিয়ে রাখেন?

**উত্তর :** ৭০ বছরের পথ।

১৫. প্রশ্ন : শাওয়াল মাসে ৬টি ছিয়াম পালন করলে কি পরিমাণ নেকী পাওয়া যায়?

**উত্তর :** সারা বছর ছিয়াম পালনের ছওয়াব পাওয়া যায়।



খেজুর



ফলমূল

## পাঠ-৫ : যাকাত

১. প্রশ্ন : ‘যাকাত’ শব্দের অর্থ কি?

**উত্তর :** পবিত্রতা, বৃদ্ধি লাভ করা।

২. প্রশ্ন : যাকাত কত হিজরীতে ফরয হয়?

**উত্তর :** দ্বিতীয় হিজরীতে যাকাত ফরয হয়।

৩. প্রশ্ন : কে কাকে যাকাত দিবে?

**উত্তর :** ধনী গরীবকে যাকাত দিবে।

৪. প্রশ্ন : যাকাত আদায় করার হুকুম কি?

**উত্তর :** ফরয।

৫. প্রশ্ন : যাকাত দিলে কি সম্পদ কমে যায়?

**উত্তর :** না; বরং বেশী হয়।

৬. প্রশ্ন : যাকাত ব্যয়ের খাত কয়টি?

**উত্তর :** ৮টি।

৭. প্রশ্ন : ফিৎরা প্রদানের বিধান কি?

**উত্তর :** ফরয।

৮. প্রশ্ন : ফিৎরার পরিমাণ কতটুকু?

**উত্তর :** এক ছা‘।

৯. প্রশ্ন : এক ছা‘ পরিমাণ কতটুকু?

**উত্তর :** আড়াই কেজি খাদ্যদ্রব্য।

১০. প্রশ্ন : ফিৎরা প্রদানের উদ্দেশ্য কি?

**উত্তর :** ছিয়াম পালনকারীকে পবিত্র করা ও মিসকীনদের খাদ্য প্রদান করা।

## পাঠ-৬ : হজ্জ

১. প্রশ্ন : 'হজ্জ'-এর আভিধানিক অর্থ কি?

**উত্তর :** সংকল্প করা।

৩. প্রশ্ন : সামর্থ্যবান ব্যক্তির উপর হজ্জ করা কি?

**উত্তর :** ফরয।

৪. প্রশ্ন : হজ্জ সম্পাদনের জন্য কোথায় যেতে হয়?

**উত্তর :** সঊদী আরবের মক্কায়।

৫. প্রশ্ন : কবুল হজ্জের প্রতিদান কি?

উত্তর : জান্নাত।

৬. প্রশ্ন : 'ওমরাহ'-এর আভিধানিক অর্থ কি?

**উত্তর :** যিয়ারত করা বা সংকল্প করা।

৭. প্রশ্ন : ওমরাহ করার বিধান কি?

**উত্তর :** সুন্নাত।

৮. প্রশ্ন : হজ্জের দিন কোনটি?

**উত্তর :** ৯ই যিলহজ্জ।

৯. প্রশ্ন : মুমিনের জন্য জীবনে কত বার হজ্জ ফরয?

**উত্তর :** একবার।

১০. প্রশ্ন : রাসূলুল্লাহ (ছাঃ) জীবনে কতবার হজ্জ পালন করেছেন?

**উত্তর :** একবার।

# পাঠ-৭ : আল-কুরআন

১. প্রশ্ন : কোন পর্বতের গুহায় শেষ নবী (ছাঃ)-এর নিকট প্রথম অহী (কুরআন) অবতীর্ণ হয়?

**উত্তর :** ‘জাবালে নূর’ পাহাড়ের ‘হেরা’ গুহায়।



হেরা গুহা

২. প্রশ্ন : পবিত্র কুরআনে কতটি রুকূ আছে?

**উত্তর :** ৫৪০টি।

৩. প্রশ্ন : পবিত্র কুরআনে কতটি আয়াত আছে?

**উত্তর :** ৬২৩৬টি।

৪. প্রশ্ন : পৃথিবীর সবচেয়ে বেশী পঠিত গ্রন্থ কোনটি?

**উত্তর :** কুরআন মাজীদ।

৫. প্রশ্ন : পবিত্র কুরআনের অনেকগুলো নাম আছে। অর্থসহ ৩টি নাম বল-

**উত্তর :** (ক) কিতাব অর্থ- গ্রন্থ (খ) ফুরক্বান অর্থ- সত্য ও মিথ্যার মাঝে পার্থক্যকারী (গ) মাজীদ অর্থ- সম্মানিত।

৬. প্রশ্ন : প্রধান ‘অহী’ লেখকের নাম কি?

**উত্তর :** যায়েদ বিন ছাবিত (রাঃ)।

৭. প্রশ্ন : অহী কত প্রকার?

**উত্তর :** দুই প্রকার। (১) অহী মাতলূ (কুরআন), (২) অহী গায়রে মাতলূ (হাদীছ)।

৮. প্রশ্ন : জামেউল কুরআন বা ‘কুরআন একত্রকারী’ কাকে বলা হয়?

**উত্তর :** হযরত ওছমান (রাঃ)।

৯. প্রশ্ন : সর্বপ্রথম কে কুরআন সংকলনের পরামর্শ দেন?

**উত্তর :** ওমর ইবনুল খাত্ত্বাব (রাঃ)।

# পাঠ-৮ : ইসলামের ইতিহাস

১. প্রশ্ন : পবিত্র কুরআনে কোন নবীর আলোচনা বেশী এসেছে?

**উত্তর :** মূসা (আঃ)-এর।

২. প্রশ্ন : 'বায়তুল মা'মূর' কি এবং কোথায় অবস্থিত?

**উত্তর :** ফেরেশতাদের ইবাদতখানা। এটি সপ্তম আসমানে অবস্থিত।

৩. প্রশ্ন : মহান আল্লাহ কোন জিনিস থেকে আগুন সৃষ্টি করেছেন?

**উত্তর :** সবুজ বৃক্ষ থেকে *(ইয়াসীন ৩৬/৮০)*।

৪. প্রশ্ন : আসমান থেকে যমীন এবং এক আসমান থেকে অপর আসমানের দূরত্ব কত?

**উত্তর :** পাঁচশত বছরের রাস্তা।

৫. প্রশ্ন : কত খৃষ্টাব্দে রাসূল (ছাঃ) মক্কা থেকে মদীনায় হিজরত করেন?

**উত্তর :** ৬২২ খৃষ্টাব্দে।

৬. প্রশ্ন : কার নির্দেশে রাসূল (ছাঃ) মক্কা থেকে মদীনায় হিজরত করেন?

**উত্তর :** আল্লাহ্র নির্দেশে।

৭. প্রশ্ন : হিজরতের সময় রাসূল (ছাঃ)-এর সফর সঙ্গী কে ছিলেন?

**উত্তর :** হযরত আবুবকর (রাঃ)।

৮. প্রশ্ন : প্রতি বছর রামাযান মাস কত দিন এগিয়ে আসে?

**উত্তর :** ১১ দিন। তবে কখনও ১২ দিনও এগিয়ে আসে।

৯. প্রশ্ন : কোন ছালাতের আগে ও পরে কোন নফল ছালাত নেই এবং আযান ও এক্বামত নেই?

**উত্তর :** ঈদ ও জানাযার ছালাতে।

১০. প্রশ্ন : ইসলামের প্রথম শহীদের নাম কি?

**উত্তর :** মহিলা ছাহাবী সুমাইয়া (রাযিয়াল্লা-হু আনহা)।

১১. প্রশ্ন : আসমানী কিতাব সমূহের মধ্যে প্রধান কিতাব কয়টি ও কি কি?

**উত্তর :** ৪টি। তাওরাত, যাবূর, ইনজীল ও কুরআন।

১২. প্রশ্ন : 'আবুল আম্বিয়া' বা নবীগণের পিতা কে ছিলেন?

**উত্তর :** ইবরাহীম (আঃ)।

১৩. প্রশ্ন : প্রধান আসমানী কিতাব কয়টি?

**উত্তর :** চারটি।

১৪. প্রশ্ন : মূসা (আঃ)-কে আল্লাহ কোন কিতাব প্রদান করেন?

**উত্তর :** তাওরাত।

১৫. প্রশ্ন : দাঊদ (আঃ)-কে আল্লাহ কোন কিতাব প্রদান করেন?

**উত্তর :** যাবূর।

১৬. প্রশ্ন : ঈসা (আঃ)-এর উপর কোন কিতাব নাযিল হয়েছিল?

উত্তর : ইনজীল।

১৭. প্রশ্ন : শেষ নবী মুহাম্মাদ (ছাঃ)-কে আল্লাহ কোন কিতাব প্রদান করেন?

**উত্তর :** কুরআন মাজীদ।

১৮. প্রশ্ন : মূসা, দাঊদ ও ঈসা (আঃ) কোন বংশের নবী ছিলেন?

**উত্তর :** বনূ ইস্রাঈলের।

১৯. প্রশ্ন : শেষ নবী ও বিশ্বনবী মুহাম্মাদ (ছাঃ) কোন বংশের নবী ছিলেন?

**উত্তর :** বনূ ইসমাঈলের।

২০. প্রশ্ন : রাসূল (ছাঃ) মক্কার কোন বংশের মানুষ ছিলেন?

**উত্তর :** কুরাইশ বংশের।

২১. প্রশ্ন : রাসূল (ছাঃ)-এর পিতা-মাতা, দাদা-দাদী ও নানা-নানীর নাম কি ছিল?

**উত্তর :** রাসূল (ছাঃ)-এর পিতার নাম আব্দুল্লাহ, মাতার নাম আমেনা, দাদার নাম আব্দুল মুত্ত্বালিব, দাদীর নাম ফাতেমা; নানার নাম ওয়াহ্হাব ও নানীর নাম ছিল বার্রাহ।

২২. প্রশ্ন : কত খৃষ্টাব্দে খন্দক যুদ্ধ সংঘটিত হয়?

**উত্তর :** ৬২৬ খৃষ্টাব্দে।

২৩. প্রশ্ন : কত খৃষ্টাব্দে মক্কা বিজয় সংঘটিত হয়?

**উত্তর :** ৬৩০ খৃষ্টাব্দে।

২৪ প্রশ্ন : কে স্পেন বিজয় করেন?

**উত্তর :** তারেক বিন যিয়াদ।

২৫. প্রশ্ন : সিন্ধু বিজেতা সেনাপতির নাম কি?

**উত্তর :** মুহাম্মাদ বিন কাসেম।

২৬. প্রশ্ন : কত খৃষ্টাব্দে বদর যুদ্ধ সংঘটিত হয়েছিল?

**উত্তর :** ৬২৪ খৃষ্টাব্দের ১১ই মার্চ।

২৭. প্রশ্ন : বদর যুদ্ধে মুসলিম সৈন্য কত ছিল?

**উত্তর :** ৩১৩ জন।

২৮. প্রশ্ন : বদর যুদ্ধে মুসলমানদের কতজন শহীদ হন?

**উত্তর :** ১৪ জন।

২৯. প্রশ্ন : বদর কোথায় অবস্থিত?

**উত্তর :** মদীনা থেকে ১৬০ কিলোমিটার দক্ষিণ-পশ্চিমে অবস্থিত।

৩০. প্রশ্ন : কোন যুদ্ধে আবু জাহল নিহত হয়?

**উত্তর :** বদর যুদ্ধে।

৩১. প্রশ্ন : কত খৃষ্টাব্দে ওহোদ যুদ্ধ সংঘটিত হয়েছিল?


**উত্তর :** ৬২৫ খৃষ্টাব্দে ।

৩২. প্রশ্ন : কোন যুদ্ধে রাসূলুল্লাহ (ছাঃ)-এর দাঁত ভেঙ্গেছিল?

**উত্তর :** ওহোদ যুদ্ধে।

৩৩. প্রশ্ন : ওহোদ যুদ্ধে কতজন মুসলিম সৈন্য শহীদ হন?

**উত্তর :** ৭০ জন।



ওহোদ পাহাড়

# দ্বিতীয় অধ্যায় : বাংলাদেশ

## পাঠ-১ : আমাদের বাংলাদেশ

১. প্রশ্ন : বাংলাদেশে কয়টি প্রশাসনিক থানা আছে?


**উত্তর :** ৬৪০টি।

২. প্রশ্ন : বাংলাদেশে কয়টি ইউনিয়ন পরিষদ আছে?

**উত্তর :** ৪,৫৬২টি ইউনিয়ন পরিষদ আছে।

৩. প্রশ্ন : বাংলাদেশে কয়টি গ্রাম আছে?

**উত্তর :** ৮৭,১৯১টি গ্রাম আছে।



চা বাগান

৪. প্রশ্ন : বাংলাদেশে কয়টি চা বাগান আছে?

**উত্তর :** ১৬৬টি।

৫. প্রশ্ন : বাংলাদেশে কতটি পাটকল আছে?

**উত্তর :** ৩৮টি।

৬. প্রশ্ন : বাংলাদেশের প্রধান ব্যাংকের নাম কি?

**উত্তর :** বাংলাদেশ ব্যাংক।

৭. প্রশ্ন : বাংলদেশের সবচেয়ে বড় আদালতের নাম কি?

**উত্তর :** সুপ্রিম কোর্ট।

৮. প্রশ্ন : বাংলাদেশকে কি বলা হয়?

**উত্তর :** নদীমাতৃক দেশ।

## পাঠ-২ : বাংলাদেশের বিভাগ ও যেলা সমূহ

**১. ঢাকা বিভাগ : ১৩টি যেলা।** ১. ঢাকা ২. টাঙ্গাইল ৩. নরসিংদী ৪. নারায়ণগঞ্জ ৫. গাজীপুর ৬. রাজবাড়ী ৭. ফরিদপুর ৮. শরিয়তপুর ৯. মাদারীপুর ১০. গোপালগঞ্জ ১১. মুন্সিগঞ্জ ১২. মানিকগঞ্জ ও ১৩. কিশোরগঞ্জ।

**২. চট্টগ্রাম বিভাগ : ১১টি যেলা** । ১. চট্টগ্রাম ২. কুমিল্লা ৩. চাঁদপুর ৪. লক্ষীপুর ৫. ব্রাহ্মণবাড়িয়া ৬. ফেনী ৭. নোয়াখালী ৮. কক্সবাজার ৯. রাঙ্গামাটি ১০. খাগড়াছড়ি ১১. ও বান্দরবান।

**৩. রাজশাহী বিভাগ : ৮টি যেলা।** ১. রাজশাহী ২. নাটোর ৩. চাঁপাই নবাবগঞ্জ ৪. নওগাঁ ৫. জয়পুরহাট ৬. বগুড়া ৭. পাবনা ও ৮. সিরাজগঞ্জ।

**৪. খুলনা বিভাগ : ১০টি যেলা।** ১. খুলনা ২. সাতক্ষীরা ৩. বাগেরহাট ৪. যশোর ৫. ঝিনাইদহ ৬. মাগুরা ৭. নড়াইল ৮. কুষ্টিয়া ৯. চুয়াডাঙ্গা ও ১০. মেহেরপুর।

**৫. বরিশাল বিভাগ : ৬টি যেলা।** ১. বরিশাল ২. ভোলা ৩. পিরোজপুর ৪. ঝালকাঠি ৫. পটুয়াখালী ও ৬. বরগুনা।

**৬. সিলেট বিভাগ : ৪টি যেলা।** ১. সিলেট ২. হবিগঞ্জ ৩. সুনামগঞ্জ ও ৪. মৌলভীবাজার।

**৭. রংপুর বিভাগ : ৮টি যেলা।** ১. রংপুর ২. গাইবান্ধা ৩. নীলফামারী ৪. লালমনিরহাট ৫. কুড়িগ্রাম ৬. দিনাজপুর ৭. ঠাকুরগাঁও ও ৮. পঞ্চগড়।

**৮. ময়মনসিংহ বিভাগ : ৪টি যেলা।** ১. ময়মনসিংহ ২. জামালপুর ৩. শেরপুর ও ৪. নেত্রকোনা।

# পাঠ-৩ : বাংলাদেশের প্রথম, বৃহত্তম, দীর্ঘতম, উচ্চতম ও শ্রেষ্ঠ

## ❖ বাংলাদেশের প্রথম :

১. প্রশ্ন : বাংলাদেশের প্রথম রাষ্ট্রপতি কে ছিলেন?

**উত্তর :** বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান।


২. প্রশ্ন : বাংলাদেশের প্রথম প্রধানমন্ত্রী কে ছিলেন?

**উত্তর :** তাজউদ্দীন আহমদ।

৩. প্রশ্ন : বাংলাদেশের প্রথম প্রধান বিচারপতি কে ছিলেন?

**উত্তর :** আবু সাদাত মোহাম্মদ সায়েম।

## ❖ বাংলাদেশের বৃহত্তম :



ঝুলন্ত ব্রিজ, রাঙ্গামাটি

১. প্রশ্ন : বাংলাদেশের বৃহত্তম বিভাগের নাম কি?

**উত্তর :** চট্টগাম বিভাগ।

২. প্রশ্ন : বাংলাদেশের বৃহত্তম যেলার নাম কি?

**উত্তর :** রাঙ্গামাটি।

৩. প্রশ্ন : বাংলাদেশের বৃহত্তম থানার নাম কি?

**উত্তর :** শ্যামনগর, সাতক্ষীরা।



সুন্দরবন

৪. প্রশ্ন : বাংলাদেশের বৃহত্তম পাহাড় কোনটি?

**উত্তর :** গারো পাহাড়, ময়মনসিংহ।

৫. প্রশ্ন : বাংলাদেশের বৃহত্তম বন কোনটি?

**উত্তর :** সুন্দরবন (খুলনা ও সাতক্ষীরা বিভাগে)।

৬. প্রশ্ন : বাংলাদেশের বৃহত্তম সমুদ্রবন্দর কোনটি?

**উত্তর :** চট্টগ্রাম সমুদ্রবন্দর।

৭. প্রশ্ন : বাংলাদেশের বৃহত্তম মেডিকেল কলেজ কোনটি?

**উত্তর :** ঢাকা মেডিকেল কলেজ হাসপাতাল, ঢাকা।


৮. প্রশ্ন : বাংলাদেশের বৃহত্তম রেল সেতু কোনটি?
**উত্তর :** হার্ডিঞ্জ ব্রিজ, ঈশ্বরদী, পাবনা।
৯. প্রশ্ন : বাংলাদেশের বৃহত্তম জাদুঘর কোনটি?
**উত্তর :** জাতীয় জাদুঘর, শাহবাগ, ঢাকা।


জাতীয় জাদুঘর

১০. প্রশ্ন : বাংলাদেশে বৃহত্তম বিমানবন্দর কোনটি?
**উত্তর :** হযরত শাহজালাল (রহ.) আন্তর্জাতিক বিমানবন্দর, ঢাকা।

### ❖ বাংলাদেশের দীর্ঘতম :

১. প্রশ্ন : বাংলাদেশের দীর্ঘতম সমুদ্র সৈকত কোনটি?
**উত্তর :** কক্সবাজার, ১৫৫ কিলোমিটার।
২. প্রশ্ন : বাংলাদেশের দীর্ঘতম রেল সেতু কোনটি?
**উত্তর :** হার্ডিঞ্জ ব্রিজ, ঈশ্বরদী, পাবনা।


হার্ডিঞ্জ ব্রিজ

### ❖ বাংলাদেশের উচ্চতম :

১. প্রশ্ন : বাংলাদেশের উচ্চতম বৃক্ষ কোনটি?
**উত্তর :** বৈলাম বৃক্ষ।
২. প্রশ্ন : বাংলাদেশের উচ্চতম পাহাড় কোনটি?
**উত্তর :** গারো পাহাড়।

### ❖ বাংলাদেশের শ্রেষ্ঠ :

১. প্রশ্ন : বাংলাদেশের শ্রেষ্ঠ কবি কে?
**উত্তর :** কাজী নজরুল ইসলাম।
২. প্রশ্ন : বাংলাদেশের শ্রেষ্ঠ ভাষাবিদ কে?
**উত্তর :** ড. মুহাম্মাদ শহীদুল্লাহ।


সমুদ্র সৈকত, কক্সবাজার

৩. প্রশ্ন : বাংলাদেশের শ্রেষ্ঠ সাঁতারু কে?
**উত্তর :** ব্রজেন দাস।
৪. প্রশ্ন : বাংলাদেশের শ্রেষ্ঠ পর্যটন কেন্দ্র কোনটি?
**উত্তর :** কক্সবাজার।

# তৃতীয় অধ্যায় : উদ্ভিদ ও প্রাণীজগৎ

## পাঠ-১ : গাছের পরিচয়

১. প্রশ্ন : বাংলাদেশের জাতীয় গাছের নাম কি?

**উত্তর :** আম গাছ।

২. প্রশ্ন : পৃথিবীতে কত প্রকার গাছ আছে?

**উত্তর :** প্রায় ৩৩ লক্ষ প্রকার।

৩. প্রশ্ন : কোন গাছ তাড়াতাড়ি বাড়ে?

**উত্তর :** বাঁশ গাছ।



লজ্জাবতী

৪. প্রশ্ন : কোন গাছে হাত লাগালেই নুয়ে পড়ে?

**উত্তর :** লজ্জাবতী।

৫. প্রশ্ন : কোন গাছকে সূর্যের কন্যা বলা হয়?

**উত্তর :** তুলা গাছকে।

৬. প্রশ্ন : কোন উদ্ভিদ পাতা থেকে জন্মে?

**উত্তর :** পাথরকুচি।



পাথরকুচি

৭. প্রশ্ন : পরগাছা কাকে বলে?

**উত্তর :** যে গাছ অন্য গাছের উপর জন্মে।

৮. প্রশ্ন : কোন গাছের রস থেকে রাবার তৈরী হয়?

**উত্তর :** সিনকোনা গাছের রস থেকে।

৯. প্রশ্ন : কোন গাছ সবচেয়ে বেশি ফল দেয়?

**উত্তর :** আখরোট গাছ।



আখরোট ফল

১০ প্রশ্ন : সুন্দরবনের পাঁচটি গাছের নাম বল?

**উত্তর :** ১. সুন্দরী, ২. ধুন্দল, ৩. কেওড়া, ৪.গেওয়া ও ৫. গড়ান।

# পাঠ–২ : মাছের পরিচয়

১. প্রশ্ন : বাংলাদেশের জাতীয় মাছের নাম কি?

**উত্তর :** ইলিশ।

২. প্রশ্ন : মিঠা পানির চারটি মাছের নাম বল?

**উত্তর :** শোল, কাতল, পাবদা ও চিতল।

৩. প্রশ্ন : পরিচিত পাঁচটি মাছের নাম বল?

**উত্তর :** মাগুর, মৃগেল, বোয়াল, রুই ও কই।

৪. প্রশ্ন : লোনা পানির পাঁচটি মাছের নাম বল?

**উত্তর :** ইলিশ, রুপচাঁদা, ভেটকি, কোরাল ও পোয়া।

৫. প্রশ্ন : আঁশওয়ালা পাঁচটি মাছের নাম বল?

**উত্তর :** মিনার কার্প, ফলি, সিলভার কাপ, পুঁটি ও খইলশা ।

৬. প্রশ্ন : আঁশবিহীন পাঁচটি মাছের নাম বল?

**উত্তর :** শিং, টেংরা, জিয়ল, পাংগাস ও আইড়।

৭. প্রশ্ন : কোন মাছ মুখে ডিম রেখে বাচ্চা ফুটায়?

**উত্তর :** তেলাপিয়া।

৮. প্রশ্ন : মাছ কিসের সাহায্যে শ্বাসকার্য চালায়?

**উত্তর :** ফুলকার সাহায্যে।

৯. প্রশ্ন : কোন মাছ খেলে চোখের দৃষ্টিশক্তি বৃদ্ধি পয়?

**উত্তর :** মলা মাছ।

১০. প্রশ্ন : মাছ কিভাবে ঘুমায়?

**উত্তর :** চোখ মেলে।

# পাঠ-৩ : পাখির পরিচয়

১. প্রশ্ন : বাংলাদেশের জাতীয় পাখির নাম কি?

**উত্তর :** দোয়েল।

২. প্রশ্ন : কোন পাখি উড়তে পারে না?

**উত্তর :** উটপাখি।

৩. প্রশ্ন : পাখির রাজা কোনটি?

**উত্তর :** ঈগল।

৪. প্রশ্ন : সবচেয়ে ছোট পাখি কোনটি?

**উত্তর :** হামিং বার্ড।

৫. প্রশ্ন : বাংলাদেশের কিছু উল্লেখযোগ্য পাখির নাম বল-

**উত্তর :** ময়না, টিয়া, শালিক, চড়ুই, মাছরাঙা, কবুতর, বাবুই ইত্যাদি।

৬. প্রশ্ন : কোন পাখি মানুষের মতো সোজা হয়ে দাঁড়াতে পারে?

**উত্তর :** পেঙ্গুইন।

৭. প্রশ্ন : বসন্তের রাজা বলা হয় কোন পাখিকে?

**উত্তর :** কোকিল।

৮. প্রশ্ন : কোন পাখি ডিম পাড়ে না?

**উত্তর :** বাদুড়, এরা বাচ্চা দেয়।

# পাঠ-৪ : প্রাণীর পরিচয়

১. প্রশ্ন : সবচেয়ে বড় স্থলচর প্রাণীর নাম কি?

**উত্তর :** হাতি।

২. প্রশ্ন : পানিতে বাসকারী সবচেয়ে বড় প্রাণীর নাম কি?

**উত্তর :** নীল তিমি।

৩. প্রশ্ন : কোন প্রাণী বেশী উড়তে পারে?

**উত্তর :** কবুতর।

৪. প্রশ্ন : সবচেয়ে বড় পাখির নাম কি?

**উত্তর :** উটপাখি।

৫. প্রশ্ন : সবচেয়ে দ্রুতগামী প্রাণীর নাম কি?

**উত্তর :** চিতাবাঘ।

৬. প্রশ্ন : বেশী দিন বাঁচে কোন প্রাণী?

**উত্তর :** তিমি (গড়ে প্রায় ৫০০ বছর)।

৭. প্রশ্ন : কোন প্রাণীর চামড়া সবচেয়ে মোটা ও শক্ত?

**উত্তর :** গণ্ডারের।

৮. প্রশ্ন : কোন প্রাণীর রক্ত সাদা?

**উত্তর :** টিকটিকির।

৯. প্রশ্ন : কোন প্রাণী জিহ্বা দিয়ে শুনে?

**উত্তর :** সাপ।

১০. প্রশ্ন : কোন প্রাণী দিনে দেখতে পায় না?

**উত্তর :** বাদুড়।

# চতুর্থ অধ্যায় : পৃথিবীর পরিচয়

## এশিয়া মহাদেশের দেশ সমূহ

| দেশের নাম | রাজধানীর নাম | মুদ্রার নাম | ভাষা |
|---|---|---|---|
| সিরিয়া | দামেশক | পাউন্ড | আরবী |
| ব্রুনাই | বন্দরসেরী বেগওয়ান | ডলার | মালয় |
| লাওস | ভিয়েনতিয়েন | কিপ | লাও |
| পূর্ব তিমুর | দিলি | রূপাইয়া | পর্তুগিজ |
| কিরগিজস্তান | বিশবেক | সোম | কিরঘিজ |
| তাজিকিস্তান | দুশানবে | রুবল | তাজিক |
| উজবেকিস্তান | তাশখন্দ | সোম | উজবেক |
| আজারবাইজান | বাকু | মানাত | আজারবাইজান |
| তুর্কমেনিস্তান | আশাখাবাদ | মানাত | তুর্কমেন |
| ইসরাঈল | জেরুজালেম | শেকেল | হিব্রু |
| ইয়ামেন | সানা/ছান‘আ | রিয়াল | আরবী |
| উত্তর কোরিয়া | পিয়ং ইয়ং | ওন | কোরিয়ান |
| দক্ষিণ কোরিয়া | সিউল | ওন | কোরিয়ান |
| মঙ্গোলিয়া | উলানবাটোর | তুঘরিক | মঙ্গোলিয়ান |
| ভিয়েতনাম | হ্যানয় | ডং | ভিয়েতনামিজ |
| থাইল্যান্ড | ব্যাংকক | বাথ | থাই |
| ফিলিপাইন | ম্যানিলা | পেসো | ফিলিপিনো |

# ইউরোপ মহাদেশের দেশ সমূহ

| দেশের নাম | রাজধানীর নাম | মুদ্রার নাম | ভাষা |
|---|---|---|---|
| রাশিয়া | মস্কো | রুবল | রাশিয়ান |
| ইতালি | রোম | ইউরো | ইতালিয়ান |
| জার্মানি | বার্লিন | ইউরো | জার্মান |
| ফ্রান্স | প্যারিস | ইউরো | ফ্রেঞ্চ |
| নরওয়ে | অসলো | ক্রোন | নরওয়েজিয়ান |
| গ্রিস | এথেন্স | ইউরো | গ্রিক |
| বেলজিয়াম | ব্রাসেলস | ইউরো | ডাচ ও ফ্রেঞ্চ |
| ডেনমার্ক | কোপেনহেগেন | ক্রোন | ড্যানিশ |
| পর্তুগাল | লিসবন | ইউরো | পর্তুগিজ |
| স্পেন | মাদ্রিদ | ইউরো | স্প্যানিশ |
| সুইডেন | স্টকহোম | ক্রোন | সুইডিশ |
| সুইজারল্যান্ড | বার্ন | সুইস ফ্রাংক | জার্মান ও ফ্রেঞ্চ |
| ইউক্রেন | কিয়েভ | রিভনিয়া | ইউক্রেনীয়ান |
| যুক্তরাজ্য | লন্ডন | পাউন্ড | ইংরেজী |
| ভ্যাটিকান সিটি | ভ্যাটিকান সিটি | ইউরো | ইতালীয় |
| কসোভো | প্রিস্টিনা | ইউরো | আলবেনিয়ান |
| আইসল্যান্ড | রিকজাভিক | ক্রোন | আইসল্যান্ডিক |
| আয়ারল্যান্ড | ডাবলিন | ইউরো | আইরিশ |

# পঞ্চম অধ্যায় : সৌরজগৎ

## সৌরজগতের কথা

১. প্রশ্ন : সৌরজগৎ কাকে বলে?

**উত্তর :** সূর্য এবং তার গ্রহ-উপগ্রহ ও নক্ষত্র ইত্যাদিকে একত্রে সৌরজগৎ বলে।

২. প্রশ্ন : সূর্য কি?

**উত্তর :** সূর্য একটি জ্বলন্ত অগ্নিপিণ্ড।

৩. প্রশ্ন : সূর্য হ'তে পৃথিবীতে আলো আসতে কত সময় লাগে?

**উত্তর :** সূর্য হ'তে পৃথিবীতে আলো আসতে সময় লাগে ৮ মিনিট ২০ সেকেণ্ড।

৪. প্রশ্ন : গ্রহ কি?

**উত্তর :** যেসব জ্যোতিষ্ক সূর্যের চারদিকে অনবরত ঘুরছে তাদেরকে গ্রহ বলে।

৫. প্রশ্ন : গ্রহ কয়টি ও কি কি?


**উত্তর :** গ্রহ ৮টি। যথা : ১. বুধ, ২. শুক্র, ৩. পৃথিবী, ৪. মঙ্গল, ৫. বৃহস্পতি, ৬. শনি, ৭. ইউরেনাস ও ৮. নেপচুন।

৬. প্রশ্ন : সবচেয়ে বড় গ্রহ কোনটি?

**উত্তর :** বৃহস্পতি।

৭. প্রশ্ন : সবচেয়ে ছোট গ্রহ কোনটি?

**উত্তর :** বুধ।




সৌরজগৎ

৮. প্রশ্ন : পৃথিবীর নিকটতম গ্রহ কোনটি?

**উত্তর :** শুক্র।

৯. প্রশ্ন : গ্রহসমূহ নক্ষত্রের চারদিকে পরিভ্রমণ করে কেন?

**উত্তর :** নক্ষত্রের মাধ্যাকর্ষণ শক্তির কারণে।

১০. প্রশ্ন : নক্ষত্র কাকে বলে?

উত্তর : যেসব জ্যোতিষ্কের নিজস্ব আলো আছে তাদেরকে নক্ষত্র বলে।

১১. প্রশ্ন : চাঁদ কি?

**উত্তর :** চাঁদ পৃথিবীর একটি উপগ্রহ।

১২. প্রশ্ন : উপগ্রহ কাকে বলে?

**উত্তর :** গ্রহের চারদিকে যারা ঘোরে তাদেরকে উপগ্রহ বলে।

১৩. প্রশ্ন : পৃথিবীর চারদিকে ঘুরে আসতে চাঁদকে কত সময় লাগে?

**উত্তর :** সাড়ে ২৯ দিন।

১৪. প্রশ্ন : সূর্যের নিজ অক্ষের উপর আবর্তন করতে কত সময় লাগে?

**উত্তর :** ২৫দিন।

১৫. প্রশ্ন : পৃথিবী থেকে চাঁদের গড় দূরত্ব কত?

**উত্তর :** পৃথিবী থেকে চাঁদের গড় দূরত্ব ৩ লক্ষ ৮৪ হাযার ৪০০ কিলোমিটার।

